



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৮২.২২.০০৯.২০২১-৩৪১

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৮
১৬ ফেব্রুয়ারি ২০২২

পরিপত্র

বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-এর আওতায় জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ বন্টন, প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

সরকারি অর্থের সদ্ব্যবহার, সুষ্ঠু তদারকি নিশ্চিতকরণ এবং যথাসময়ে প্রকল্পের বাস্তবায়ন সম্পন্ন করার লক্ষ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-এর আওতায় জেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে এ বিভাগ হতে ইতৎপূর্বে জারিকৃত এ সংক্রান্ত নির্দেশনা/ নীতিমালাসমূহ বাতিলক্রমে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হলো:

২। সাধারণ বরাদ্দ উপর্যাতের আওতায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ৩০ অনুযায়ী মাননীয় সংসদ সদস্যগণের পরামর্শ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত তালিকা প্রণয়নপূর্বক নির্ধারিত ছকে প্রতি অর্থবছর ৩০ সেপ্টেম্বর এর মধ্যে জেলা পরিষদের মাসিক সভার সুপারিশ গ্রহণ করে (সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরিত হাজিরা বিবরণীসহ) প্রকল্পসমূহ চূড়ান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে।

৩। জেলা পরিষদ আইন, ২০০০ এর তফসিলে বর্ণিত কার্যাবলীর আওতায় আয়তন, জনসংখ্যা ও অনগ্রসরতা বিবেচনায় উপজেলাভিত্তিক প্রকল্প গ্রহণ করতে হবে। গৃহীত প্রকল্পসমূহের তালিকা জেলা পরিষদের অধিক্ষেত্র-সংশ্লিষ্ট সকল উপজেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনে প্রেরণ করতে হবে এবং জেলা পরিষদের নির্ধারিত ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৪। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-এর আওতায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নিয়োক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে:


- ৪.১। মসজিদ, মাদ্রাসা, মন্দির, গীর্জা, কবরস্থান, শ্মশান ইত্যাদি সামাজিক ক্ষেত্রে এডিপি বরাদ্দকৃত অর্থে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার নিয়ে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না। ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্তলিত ব্যয়ে সামাজিক প্রকল্পসমূহ ‘প্রকল্প বাস্তবায়ন কমিটি’র মাধ্যমে বাস্তবায়ন করা যাবে। তবে তা এডিপির মোট বরাদ্দের ৫০ শতাংশের বেশি হবে না।
- ৪.২। ভবন নির্মাণ, রাস্তা/ ব্রিজ/ গাইড ওয়াল, ড্রেন, যাত্রী ছাউনি, পাবলিক টয়লেট, পার্কের ওয়াকওয়ে ইত্যাদি কারিগরি প্রকৃতির পূর্ত কাজের ক্ষেত্রে এডিপির বরাদ্দকৃত অর্থে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার নিয়ে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না। এক্ষেত্রে অগ্রাধিকারপ্রাপ্ত জনগুরুত্বপূর্ণ দৃশ্যমান প্রকল্প গ্রহণ করতে হবে। এ ধরণের প্রকল্পসমূহ পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ ও এতদসংক্রান্ত সকল বিধি-বিধান অনুযায়ী দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।
- ৪.৩। ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার অধিক যে কোন প্রকল্প পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।
- ৪.৪। অবকাঠামোগত প্রকল্পের বিস্তারিত ডিজাইন, ড্রইং ও প্রাক্তলন প্রস্তুত করতে হবে। ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ও তদুর্ধৰ প্রকল্পসমূহের প্রাক্তলন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।
- ৪.৫। শিক্ষা প্রতিষ্ঠান ও স্বাস্থ্য সেবা সংক্রান্ত উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী শারীরিক প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা (যেমন: র্যাম্প, হাইল চেয়ার ইত্যাদি) রাখতে হবে।

- ৪.৬। জনস্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন প্রকল্পে (যেমন: ওয়াশ ব্লক ও ল্যাট্রিন নির্মাণ) বিদ্যুৎ এবং পানি সরবরাহ অন্তর্ভুক্ত করাসহ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নকশা ও প্রাক্কলন অনুসরণ করতে হবে। কমিউনিটিভিত্তিক অগভীর/গভীর নলকৃপ স্থাপন প্রকল্প বাস্তবায়ন করা যাবে।
- ৪.৭। অবকাঠামো নির্মাণ ও ব্যবহারের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনায় রাখতে হবে।
- ৪.৮। অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে এর সর্বোচ্চ ব্যবহার ও সর্বোচ্চ সংখ্যক সুবিধাভোগীর ব্যবহারের বিষয় বিবেচনায় রাখতে হবে।
- ৪.৯। জেলা পরিষদের মাধ্যমে নতুন কোন ডাকবাংলো, অডিটরিয়াম, অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ বা বিদ্যমান কোন ডাকবাংলো, অডিটরিয়াম সংস্কার/অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল মেরামতের ক্ষেত্রে অবশ্যই স্থানীয় সরকার বিভাগ হতে প্রকল্প ও এর প্রাক্কলন অনুমোদন গ্রহণ করে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে। স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমোদন ব্যতীত কোন ধরনের স্থাপনা নির্মাণ কার্যক্রম শুরু করা যাবে না।
- ৪.১০। পূর্বে অনুমোদিত জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন/ চলমান প্রকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া যাবে।
- ৪.১১। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করতে হবে। প্রকল্প পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন কিংবা এতদ্সংক্রান্ত ব্যয় বৃদ্ধির প্রবণতা পরিহার করতে হবে।
- ৪.১২। প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/নির্বাহী কর্মকর্তা এবং সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী/ সার্ভেয়ার প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করবেন।
- ৪.১৩। গৃহীতব্য প্রকল্পসমূহ যথাযথ প্রক্রিয়ায় ঘাচাই বাছাই করে জেলা পরিষদের সভায় উপস্থাপন করতে হবে। জেলা পরিষদের সভার সুপারিশক্রমে প্রকল্প তালিকা প্রণয়ন করতে হবে। স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোন প্রকল্প এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না। প্রতি অর্থবছরে বরাদ্দকৃত এডিপির অর্থ দ্বারা খণ্ডভাবে/ আংশিকভাবে/ পর্যায়ক্রমে প্রকল্প প্রস্তাব প্রেরণ করা যাবে না।
- ৪.১৪। প্রকল্প প্রস্তাব গ্রহণের আগে প্রকল্প এলাকা পরিদর্শন করে সকল প্রয়োজনীয় তথ্য ঘাচাইপূর্বক সন্তাব্যতা ঘাচাই সমীক্ষা (Feasibility Study) সম্পন্ন করতে হবে। অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান/ দপ্তর/ সংস্থার (যেমন: ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও সিটি কর্পোরেশন) সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ করতে হবে, যাতে প্রকল্পের দ্বৈততা পরিহার করা যায় এবং সীমিত সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা যায়।
- ৪.১৫। জেলা পরিষদের মাধ্যমে বিভিন্ন বিষয়ে বেকার যুবক ও যুব নারীদের আত্মকর্মসংস্থানমূলক প্রশিক্ষণ প্রদান করা যাবে। আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের আওতায় প্রদানযোগ্য কোন যন্ত্র/ ডিভাইস, সেলাই মেশিন, ইইল চেয়ার, স্প্রে মেশিন, রিক্রাভ্যান ইত্যাদি কোন বেসরকারি এনজিও/ সমিতি/ ব্যক্তির মাধ্যমে কোনক্রমেই বিতরণ করা যাবে না। এ ধরণের সহায়তা প্রদানের পূর্বে সংশ্লিষ্ট সুবিধাভোগীগণ ইতঃপূর্বে অন্য কোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান হতে উক্তরূপ সুবিধা গ্রহণ করেননি মর্মে সংশ্লিষ্ট স্থানীয় জনপ্রতিনিধি হতে প্রত্যয়ন গ্রহণপূর্বক জেলা পরিষদের নিকট দাখিল করতে হবে।
- ৪.১৬। প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে। গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে। সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য ‘প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ,.....’ শীর্ষক ফলক সংযোজন করতে হবে।

৪.১৭। এডিপি বরাদ্দের বিপরীতে স্থানীয় সরকার বিভাগ হতে ছাড়কৃত অর্থের হিসাব জেলা পরিষদ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইট এবং IBAS++ এর এন্ট্রি যথাযথভাবে যাচাই করতে হবে। প্রতি বছর নির্ধারিত সময়ের মধ্যে (১০ জুন অথবা সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত তারিখ) বরাদ্দকৃত সমুদয় অর্থে আবশ্যিকভাবে প্রকল্প গ্রহণ করতে হবে। কোন অর্থ অব্যয়িত রাখা যাবে না।

৫। এডিপির অর্থ দ্বারা নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা যাবে না:

- ৫.১। রেজিষ্ট্রেশন বিহীন কোন সমিতি, সংঘ, পাঠাগার ও ক্লাবের উন্নয়নমূলক কোন প্রকল্প গ্রহণ করা যাবে না।
- ৫.২। পূর্ত কাজে প্যালাসাইডিং এর ক্ষেত্রে বাঁশ/কাঠ ব্যবহার করা যাবে না।
- ৫.৩। গ্রামীণ রাস্তা নির্মাণের কাজ যেহেতু এলজিইডি করে থাকে সেহেতু এলজিইডির আইডিভুক্ত রাস্তার কাজ করা যাবে না। তবে এলজিইডির আইডি বহির্ভূত রাস্তা নির্মাণ/ মেরামত প্রকল্প গ্রহণ করা যাবে।
- ৫.৪। ব্যক্তিমালিকানাধীন/বাণিজ্যিক/ব্যবসায়িক কোন প্রতিষ্ঠান/ এনজিওতে জেলা পরিষদের অর্থায়নে কোন প্রকল্প গ্রহণ করা যাবে না।
- ৫.৫। এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান/সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রদত্ত প্রাতিষ্ঠানিক স্বীকৃতিপ্রাপ্ত প্রাতিষ্ঠান, পাঠদানের স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে এডিপির অর্থ বরাদ্দ প্রদান করা যাবে না।


মোহাম্মদ তানভীর আজম ছান্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২৩৩৫৫৫৬৮
E-mail:lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।
৭. চেয়ারম্যান, জেলা পরিষদ,.....(সকল)।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ,(সকল)।
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।